

প্রেস বিজ্ঞপ্তি

পায়রা বন্দরের জন্য ৪ হাজার কোটি টাকা ব্যয়ে টার্মিনাল নির্মাণ করা হবে

ঢাকা, ২৬ সেপ্টেম্বর;

পায়রা বন্দরের জন্য পাইলট বোট, হেভি ডিউটি স্পীডবোট, টাগবোট, বয়া লেয়িং ভেসেল, জরিপ বোট ক্রয় এবং পায়রা-রাজপাড়া সংযোগ সড়ক নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে নির্দেশ দেয়া হয়েছে।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত পায়রা বন্দরের আর্থিক, উন্নয়ন ও প্রশাসনিক সভায় এ নির্দেশ দেন।

পায়রা বন্দরের জন্য ট্রান্সশিপমেন্ট কন্টেইনার টার্মিনাল, ডিপ ওয়াটার কন্টেইনার টার্মিনাল, মাল্টিপারপাস টার্মিনাল, ড্রাই বাল্ক/কয়লা টার্মিনাল নির্মাণ এবং ক্যাপিটাল ড্রেজিং কার্যক্রম শুরু করতে সভায় গুরুত্বারোপ করা হয়।

সভায় জানানো হয় যে, পায়রা বন্দরের অভ্যন্তরীণ নৌরুটের ড্রেজিং কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ড্রেজিংকৃত বালু পায়রা বন্দরের জন্য অধিগ্রহণকৃত জমি ভরাট ও অন্যান্য সরকারী স্থাপনার কাজে ব্যবহার হয়েছে।

সভায় জানানো হয় যে, পায়রা বন্দর থেকে মালামাল দেশের অন্যত্র পরিবহণের লক্ষ্যে রাবনাবাদ চ্যানেলে ৬৫০ মিটার দৈর্ঘ্যের একটি জেটিসহ টার্মিনাল নির্মাণ করা হবে। এজন্য ব্যয় হবে প্রায় চার হাজার কোটি টাকা। এ সংক্রান্ত একটি ডিটেইলড প্রজেক্ট প্রফর্মা (ডিপিপি) পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সভায় অন্যান্যের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ ও পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর এম জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)
৫৮৬১৬৮৭০ (বাসা)
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com